

■■ হাদীসের নামে জালিয়াতি

বিভাগ/অধ্যায়ঃ বেলায়াত, আওলিয়া ও ইলম বিষয়ক রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

১১. আলিম বনাম আরিফ

আমরা একটু আগেই শরীয়ত-মারিফাত বিষয জেনেছি। মারিফাত অর্জনকারীকে 'আরিফ' এবং ইলম অর্জনকারীকে 'আলিম' বলা হয়। আমরা দেখেছি যে, কুরআন ও হাদীসে মারিফতের কোনো প্রশংসা করা হয় নি; বরং ইলমের প্রশংসা করা হয়েছে। 'মারিফাত' অর্থে 'তত্ত্বজ্ঞান', 'গুপ্তজ্ঞান' বা 'বিশেষজ্ঞান' বুঝাতে, 'আরিফ' বলতে তত্ত্বজ্ঞানী বুঝাতে, আলিম (ইলম অর্জনকারী) এবং আরিফ (মারিফাত অর্জনকারী)-এর মধ্যে পার্থক্য বুঝাতে বা আরিফের মর্যাদা বুঝাতে কুরআন ও হাদীসে কোনো কিছুই বলা হয় নি। এ বিষয়ে যা কিছু বলা হয় সবই বানোয়াট কথা। এরূপ একটি জাল হাদীস:

ٱلْعَالِمُ يَتَنَقَّشُ وَالْعَارِفُ يَصْقِلُ

''আলিম নকশা অঙ্কিত করে এবং আরিফ (খোদাতত্ব জ্ঞানে জ্ঞানী) তা পরিষ্কার করে।''^{।।}

ফুটনোট

[1] সিররুল আসরার, পৃ. ৪৯।

Source — https://www.hadithbd.com/books/link/?id=4872

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন